আজকের কাগজ

তারিখ ... 26 JAN 1994 ..
পৃষ্ঠা ৭ কলাম ৮ ...

134

# আগাম পরীক্ষা ঃ এখন কি হবে?

মঈনুল হক ঃ দেশে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী পরীক্ষা চলছে এবং লালমনিরহাট সরকারি কলেজ একটি আগাম পরীক্ষা নিয়ে ফেলেছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ঘোষিত প্রথম রুটিন অনুযায়ী সমাজ বিজ্ঞান ১ম, ২য় ও তৃতীয় পত্র পরীক্ষা হওয়ার কথা ছিলো ৮, ৯ ও ১১ জানুয়ারি। পরবর্তীতে জাতীয় বিশ্ববিদ্যালয় রুটিনের সংশোধন করে সমাজবিজ্ঞান পরীক্ষা ১০,১১ ও ১২ পুনঃ নির্ধারণ করে। এ ব্যাপারে স্ব স্ব কলেজে সংশোধিত পত্রে অবগত করা হয়। লালমনিরহাট সরকারি কলেজেও উক্ত পত্র স্মারক নং- ৩৯৩/ জাঃ বিঃ ২৩/১২/৯৩ তারিখে প্রেরণ করা হয়। ২৬ ডিসেম্বর যথারীতি এ পত্র কলেজে পৌঁছে। কিন্তু কর্তৃপক্ষ পূর্ব নির্ধারিত তারিখেই অর্থাৎ ৮, ৯ এবং ১১ জানুয়ারিই সমাজবিজ্ঞান পরীক্ষা গ্রহণ করে। সমাজবিজ্ঞান পরীক্ষার খাতা জাতীয় বিশ্ববিদ্যালয় পেয়ে অবাক তারা সঙ্গে সঙ্গে কারণ দর্শানোর নোটিশ পাঠিয়ে দেয় কলেজে। এখন যারা পরীক্ষা দিয়েছে তাদের কি হবে আর যারা আগামী ১০, ১১ এবং ১২ জানুয়ারি সমাজবিজ্ঞান পরীক্ষা দেয়ার জন্যে অপেক্ষা করছে তাদের কি হবে?